

রাজধানীর শাহবাগে অবস্থিত জাতীয় জাদুঘরের সামনে গতকাল সোমবার সকালে চার দফা দাবিতে মানববন্ধন করেন বিভিন্ন পলিটেকনিকের শিক্ষার্থীরা। পলিটেকনিক ইনস্টিটিউটগুলোর স্থগিত দ্বিতীয়, চতুর্থ ও ষষ্ঠ পর্বের তাত্ত্বিক পরীক্ষাগুলোতে শিক্ষার্থীদের অটোপাস দিয়ে পরবর্তী পর্বের সঙ্গে সংযুক্ত করা ও প্রথম, তৃতীয়, পঞ্চম ও সপ্তম পর্বে ক্লাস শুরু করে সংশ্লিষ্ট সিলেবাসে পরীক্ষা নেওয়াসহ চার দফা দাবি জানিয়েছে তারা। 'পলিটেকনিকের সাধারণ শিক্ষার্থীবৃন্দ'র ব্যানারে এর আয়োজন করা হয়।

শিক্ষার্থীদের অন্য দাবিগুলো হলো- পলিটেকনিক শিক্ষার্থীদের এক বছর সেশনজট কমানো, অতিরিক্ত ফি প্রত্যাহারসহ প্রাইভেট পলিটেকনিকের সেমিস্টার ফি ৫০ শতাংশ মওকুফ করা এবং সব প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ডিপ্লোমা শিক্ষার্থীদের জন্য আসন বৃদ্ধি করা।

শিক্ষার্থীরা বলেন, কোনোভাবেই আমরা এক বছর সেশনজট চাই না। দেশের অনেক শিক্ষার্থী বেসরকারি পলিটেকনিকে পড়াশোনা করে। তাদের সেমিস্টার ফি ক্ষেত্রভেদে ১০ থেকে ২০ হাজার টাকা এসেছে। দেখা গেছে, আজকেই ফরম ফিলআপ না করলে পরীক্ষা দিতে পারব না। কিন্তু টাকার জন্য সেটা করতে পারছি না। আর করোনার মধ্যে এত টাকা অনেকের পক্ষে দেওয়া কষ্টকর। কিন্তু কলেজগুলো এক্ষেত্রে কোনো ছাড় দিচ্ছে না। তাই অতিরিক্ত ফি ও বেসরকারি পলিটেকনিকের সেমিস্টার ফি প্রত্যাহার করতে হবে। এ ছাড়াও ২০২১ সালের মধ্যে ডুয়েটসহ দেশের সব প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ডিপ্লোমা শিক্ষার্থীদের জন্য আসন সংখ্যা বৃদ্ধি করতে হবে।

মানববন্ধন শেষে শিক্ষার্থীরা তাদের দাবিসংবলিত স্মারকলিপি নিয়ে শিক্ষা মন্ত্রণালয় অভিমুখে রওনা হন। দুপুর ২টার দিকে তারা শিক্ষামন্ত্রী ডা. দীপু মনিকে স্মারকলিপি প্রদান করেন। এর আগে সকাল ১০টা থেকে শুরু করে দুপুর সোয়া ১টা পর্যন্ত জাদুঘরের সামনে অবস্থান করেন।